

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৭.২০.২৪৯


তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭  
২০ আগস্ট ২০২০

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: ইসাহক আলী (১৩৪৫০), সহকারি অধ্যাপক (সমাজকর্ম), ধামরাই সরকারি কলেজ, ধামরাই, ঢাকা College Education Development Project (CEDP) এর আওতায় ইউনিভার্সিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাস (ইউএনএমসি)-এ Masters of Arts in Education এর ১ম সেমিস্টারের প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। মাষ্টার ট্রেনিং কোর্স-২ এর একজন প্রশিক্ষণার্থী হিসেবে নির্দিষ্ট সময়ের মধ্যে ইউএনএমসি এর টিউটরদের সহযোগিতায় ০২টি মৌলিক অ্যাসাইনমেন্ট তৈরি করে দাখিল করার শর্ত ছিল। কিন্তু আপনি শর্তানুযায়ী অ্যাসাইনমেন্ট দাখিল করেননি। ফলে একাডেমিক অফেন্স ও নন-সাবমিশনের কারণে মাস্টার্স কোর্স থেকে আপনি বহিস্কৃত (টারমিনেটেড) হয়েছেন যা অনভিপ্রেত এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (ক) ও ৩ (খ) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণ এর শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (ক) ও ৩ (খ) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধির ৪ এর (৩) উপ-বিধির আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(মোঃ মাইবুব হোসেন)  
সচিব

জনাব মো: ইসাহক আলী (১৩৪৫০)

সহকারি অধ্যাপক (সমাজকর্ম), ধামরাই সরকারি কলেজ, ধামরাই, ঢাকা।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: ইসাহক আলী

গ্রাম: নারিকেল বাড়ীয়া, ডাকঘর: রবি নারিকেল বাড়ীয়া

উপজেলা: ঝিনাইদহ সদর, জেলা: ঝিনাইদহ।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব মো: ইসাহক আলী (১৩৪৫০), সহকারি অধ্যাপক (সমাজকর্ম), ধামরাই সরকারি কলেজ, ধামরাই, ঢাকা College Education Development Project (CEDP) এর আওতায় ইউনিভার্সিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাস (ইউএনএমসি)-এ Masters of Arts in Education এর ১ম সেমিস্টারের প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। মাষ্টার ট্রেনিং কোর্স-২ এর একজন প্রশিক্ষণার্থী হিসেবে নির্দিষ্ট সময়ের মধ্যে ইউএনএমসি এর টিউটরদের সহযোগিতায় ০২টি মৌলিক অ্যাসাইনমেন্ট তৈরি করে দাখিল করার শর্ত ছিল। কিন্তু তিনি শর্তানুযায়ী অ্যাসাইনমেন্ট দাখিল করেননি। ফলে একাডেমিক অফেন্স ও নন-সাবমিশনের কারণে মাস্টার্স কোর্স থেকে তিনি বহিস্কৃত (টারমিনেটেড) হয়েছেন যা অনভিপ্রেত এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (ক) ও ৩ (খ) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণ এর শাস্তিযোগ্য অপরাধ;

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব